রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৪৫ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ২০২৬

সূচীপত্র

		পৃষ্ঠা নং
১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	১০৫৯—১১৩৪
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	১২৮৫—১৩৩৯
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	১৩৮৫—১৫৬৮
৭ম	খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম	খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
	ক্রোড়পত্র—সংখ্যা	নাই
	(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি।	নাই
	(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
	(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
	(৬) ..... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়

শৃঙ্খল-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩/০৭ অক্টোবর ২০২৬

নং ***০৫.০০.০০০০.০০০.১৮০.২৭.০০২.২৫-১২০***—যেহেতু, জনাব দেওয়ান মাহমুদুল হক (১৫৩২৯), সদস্য (উপসচিব), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর [প্রাক্তন পরিচালক (উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়] ২৯-০৩-২০১৮ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ০৮-১২-২০১৮ তারিখের আদেশের মাধ্যমে তিনি বাংলাদেশ হাইকমিশন, লন্ডনের কাউন্সেলর পদে যোগদান করেন এবং ২০-০৮-২০২৪ তারিখে বাংলাদেশ হাইকমিশন, লন্ডনের কাউন্সেলর পদ হতে অবমুক্ত হন। কাউন্সেলর পদ হতে অবমুক্তির পর ২১-০৮-২০২৪ তারিখ থেকে ২৬-১০-২০২৪ তারিখ পর্যন্ত যোগদানকাল ও অর্জিত ছুটি (৬০ দিন) ভোগের পর তিনি ২৭-১০-২০২৪ তারিখ হতে ১৪-১২-২০২৪ তারিখ পর্যন্ত মোট ৪৮ (আটচল্লিশ) দিন অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করেছেন। অননুমোদিতভাবে বহিঃবাংলাদেশে অবস্থান করে তিনি সরকারি আদেশ, বিধি-বিধান ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করেছেন যা অসদাচরণের শামিল। অসদাচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-১১-২০২৫ তারিখের ১৫১ নম্বর স্মারকে ২৩/২০২৫ নম্বর বিভাগীয় কার্যধারা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, জনাব দেওয়ান মাহমুদুল হক (১৫৩২৯), সদস্য (উপসচিব), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর [প্রাক্তন পরিচালক (উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়] অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ২৭-০১-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানি গ্রহণপূর্বক অভিযোগের বিষয়ে অধিকতর তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ১২-০৮-২০২৬ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব দেওয়ান মাহমুদুল হক (১৫৩২৯), সদস্য (উপসচিব), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর [প্রাক্তন পরিচালক (উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়;

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা সাপেক্ষে জনাব দেওয়ান মাহমুদুল হক (১৫৩২৯), সদস্য (উপসচিব), গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর [প্রাক্তন পরিচালক (উপসচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়]-এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি অনুযায়ী তাঁকে ২৩/২০২৫ নম্বর বিভাগীয় কার্যধারার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তাঁর অনুমতিবিহীন কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদকাল ২৭-১০-২০২৪ হতে ১৪-১২-২০২৪ তারিখ পর্যন্ত মোট ৪৮ (আটচল্লিশ) দিন সময় অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে। ভবিষ্যতে তিনি উক্ত সময়ের কোন বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কামরুজ্জামান চৌধুরী
সচিব।

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ক্ষুদ্রঋণ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ:২৩ আশ্বিন ১৪৩৩/০৮ অক্টোবর ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৫.২৪.৩৬৭**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ)-এর পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে জনাব কে এম আলী আযম (পরিচিতি নং-৬৮০২), অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে নিয়োগের তারিখ হতে পরবর্তী ২ (দুই) বছরের জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ অতুল মন্ডল
উপসচিব।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর: **০৮.০০.০০০০.০০০.০৩৭.৬৫.০০২৫.২৬.৩৭৩**—বিসিএস (কৃষি) ক্যাডারের 'কৃষি সম্প্রসারণ কর্মকর্তা' পদ হতে এ বিভাগের অধীনস্থ জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কর অঞ্চল- ০৭, ঢাকার 'সহকারী কর কমিশনার' পদে কর্মরত মিজ্ সাবিহা রহমান (২০০৯০৯) এর চাকরির ধারাবাহিকতা রক্ষা এবং বেতন সংরক্ষণের বিষয়ে বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন চাকরির (১৫-০১-২০২৫ হতে ০৮-০২-২০২৬ খ্রি. পর্যন্ত) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো:

শর্তসমূহ:

(১) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে 'অসাধারণ' ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(২) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাসুদুর রহমান
সিনিয়র সহকারী সচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-৩ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৪.২৫.৬০**—যেহেতু, জনাব মো: আব্দুল ফাত্তাহ (সাময়িক বরখাস্ত), জেলার হিসেবে ১৭-০১-২০২৩ হতে ২৮-০৯-২০২৪ তারিখ পর্যন্ত পঞ্চগড় জেলা কারাগারে কর্মকালীন উক্ত কারাগারের ২০১৮-২০২৪ আর্থিক সালের বিভাগীয় নিরীক্ষা প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে খোরাকী রেশন '৩২৫৪১০৪' খাতে সরকারি অর্থ তছরুপ ও অনিয়মের প্রমাণ পাওয়া যায়। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে কারা অধিদপ্তর কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ আর্থিক সালে ০৩টি ভুয়া (বাবা মায়ের দোয়া, নূর স্টোর, শুভ স-মিল) ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৭ টি ভুয়া বিল পাশ করে মোট ১,৩৩,২০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা আত্মসাৎ করেছেন মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

০২। যেহেতু, তিনি পঞ্চগড় জেলা কারাগারে ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ আর্থিক সালে ০৩টি ভুয়া (বাবা মায়ের দোয়া, নূর স্টোর, শুভ স-মিল) ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৭ টি ভুয়া বিল পাশ করে মোট ১,৩৩,২০,০০০/-(এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা জেল সুপার, জেলা হিসাবরক্ষণ অফিসের কর্মকর্তা/কর্মচারী ও কারারক্ষী নং-০৭২৬২ মোঃ জাফর মাহামুদ শাকিল পরস্পর যোগসাজশে আত্মসাৎ করেছেন। উক্ত আত্মসাতকৃত ১,৩৩,২০,০০০/- (এক কোটি তেত্রিশ লক্ষ বিশ হাজার) টাকা ০৯টি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, পঞ্চগড় শাখায় জমা প্রদান করেছেন; যার মধ্যে তিনি ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা জমা দিয়েছেন; এবং

০৩। যেহেতু, তৎসময়ে পঞ্চগড় জেলা কারাগারে বন্দির সংখ্যা কম থাকা সত্ত্বেও ইচ্ছাকৃত ও পরিকল্পিতভাবে এবং অসৎ উদ্দেশ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরে ২৬.০৬.২০২৩.০২.১০.২০২৩.০১.০১.২০২৪ ও ০৪-০৪-২০২৪ তারিখ ০৪টি আলাদা চাহিদাপত্র দিয়ে খোরাকী রেশন খাতে অতিরিক্ত অর্থ গ্রহণ করে যোগসাজশে অর্থ আত্মসাতের অপচেষ্টা করেন এবং তিনি কর্তৃত্ব বহির্ভূতভাবে ক্ষমতার অপব্যবহার করে অসৎ উদ্দেশ্যে জেল সুপারকে বাইপাস করে আর্থিক চিঠিপত্র কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য কারা সহকারীর পরিবর্তে কারারক্ষী নং-০৬২৬২ মোঃ জাফর মাহামুদ শাকিলকে মার্ক করে সব বিল প্রস্তুত, রেজিস্টার লিপিবদ্ধকরণ ও জেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ করেন; এবং

০৪। যেহেতু, বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর হতে গত ০৪-০৯-২০২৫ তারিখে অনুরোধ জানানো হয়। সে পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি অনুযায়ী যথাক্রমে **'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'** এর দায়ে তাঁকে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-১২/২০২৫ নম্বর রুজুপূর্বক গত ২৯-০৯-২০২৫ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়। তিনি বর্ণিত অভিযোগের বিষয়ে জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ০৭-০১-২০২৬ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৫। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য গত ১৯-০১-২০২৬ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়; এবং

০৬। যেহেতু, তদন্ত প্রতিবেদন, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), ২০১৮ বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক গত ১৬-০৬-২০২৬ তারিখে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি গত ০৫-০৭-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, অভিযোগের গুরুত্ব এর প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনায় তাঁকে 'চাকরি হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

০৮। যেহেতু, তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর রেগুলেশন-৬ অনুযায়ী তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ০৬-০৮-২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে **'চাকরি হইতে বরখাস্তকরণ'** সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ২৭-০৯-২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে।

০৩। সেহেতু, জনাব মোঃ আব্দুল ফাত্তাহ, জেলার (বর্তমানে সাময়িক বরখাস্ত), কুষ্টিয়া জেলা কারাগার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে তাঁকে **"চাকরি হইতে বরখাস্ত"** করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০১৬.২৫.৬১**—যেহেতু, ড. দুলাল কৃষ্ণ সাহা, প্রধান রাসায়নিক পরীক্ষক হিসেবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকায় কর্মরত থাকাকালীন তাঁর বিরুদ্ধে দীর্ঘদিন যাবৎ জালিয়াতির মাধ্যমে দেশের বিভিন্ন বিজ্ঞ জেলা আদালতের সমন ও সাক্ষ্য প্রদানের সার্টিফিকেট তৈরি করে সেসব আদালতে সাক্ষ্য না দিয়েও ভূয়া বিলের বিপরীতে বিধি বহির্ভূতভাবে সরকারি অর্থ উত্তোলন করেন। তিনি সরকারের দায়িত্বশীল পর্যায়ে থেকেও বিজ্ঞ আদালতের সমন ও সাক্ষ্য প্রদানের সার্টিফিকেট জাল-জালিয়াতির মাধ্যমে ভূয়া বিল দাখিল করেন; এবং

০২। যেহেতু, তাঁর ভ্রমণ বিবরণী ও বিল অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অনুমোদন হওয়ার বিধান থাকলেও ভ্রমণকারী কর্মকর্তা, নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ও প্রত্যয়নপত্রের স্থানে ভিন্ন-ভিন্নভাবে ০৩ (তিন) ধরনের স্বাক্ষর হয়েছে অথচ তিনক্ষেত্রেই সিল ব্যবহার করা হয়েছে প্রধান রাসায়নিক পরীক্ষকের; এবং

০৩। যেহেতু, গত ২৮-০৬-২০০০ তারিখে তিনি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে রাসায়নিক পরীক্ষক পদে (৬ষ্ঠ গ্রেডে) যোগদান করেন এবং গত ২৩-০৯-২০২৩ তারিখ পর্যন্ত একই গ্রেডে (৬ষ্ঠ গ্রেডে) কর্মরত ছিলেন। বর্ণিত সময়সীমার মধ্যে তিনি দেশের অভ্যন্তরীণ সফরের ক্ষেত্রে বিমানযোগে ভ্রমণের প্রাধিকারভুক্ত না হয়েও গত ২৩ (তেইশ) বৎসরে শতাধিকবার দেশের বিভিন্ন স্থানে ভ্রমণ করে বিমানে যাতায়াতের ভ্রমণ বিল দাখিল করে সরকারি অর্থ উত্তোলন করেছেন; এবং

০৪। যেহেতু, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রাথমিক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি সর্বমোট ৩,১৫,৭৫৭ (তিন লক্ষ পনেরো হাজার সাতশত সাতান্ন) টাকা বিধি বহির্ভূতভাবে সরকারি কোষাগার থেকে উত্তোলন করে সরকারের আর্থিক ক্ষতি করে আত্মসাৎ করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে; এবং

০৫। যেহেতু, তাঁর বর্ণিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থার গ্রহণের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক গত ১৯-১০-২০২৫ তারিখে অনুরোধ জানানো হয়। সে পরিপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (ঘ) বিধি অনুযায়ী তাঁকে যথাক্রমে **'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ'** এর দায়ে অভিযুক্ত করে গত ১৯-১১-২০২৫ তারিখে বিভাগীয় মামলা ১৪/২০২৫ নম্বর রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়। তিনি গত ১৫-১২-২০২৫ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ১১-০৩-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

০৬। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য ১২-০৩-২০২৬ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) (খ) বিধি অনুযায়ী তাঁকে **"চাকরি হইতে বাধ্যতামূলক অবসর প্রদান"** সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক গত ২০-০৬-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি গত ০২-০৭-২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, অভিযোগের গুরুত্ব এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়দি পর্যালোচনায় তাঁকে চাকরি হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" সূচক গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

০৮। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশন্স, ১৯৭৯ এর রেগুলেশন-৬ অনুযায়ী তাঁকে "চাকরি হইতে বাধ্যতামূলক অবসর প্রদান' সূচক গুরুদণ্ড আরোপের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ২৩-০৭-২০২৬ তারিখে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে চাকরি হতে "বাধ্যতামূলক অবসর প্রদান" সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ২৭-০৯-২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে।

০৮। সেহেতু, ড. দুলাল কৃষ্ণ সাহা (পরিচিতি নং-১৪০০১) প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা (বর্তমান কর্মস্থল: বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, সিলেট সংযুক্ত ও রাসায়নিক পরীক্ষকের অতিরিক্ত দায়িত্ব)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (খ) বিধি মোতাবেক তাঁকে গুরুদণ্ড হিসেবে "চাকরি হইতে বাধ্যতামূলক অবসর প্রদান" করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব।

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

আইন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩/২৭ আগস্ট ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১০৬**—আদিষ্ট হয়ে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট-ঢাকা-এর সুপারিশের আলোকে ঢাকা জেলার কোতোয়ালী থানার মামলা নং-৩৩/৩৮৩, তারিখ: ২০-১১-২০২২ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/১০/১২/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন
উপসচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩/০৮ অক্টোবর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৬৩**—এতদ্বারা আদিষ্ট হয়ে কুষ্টিয়া জেলার ইবি থানার মামলা নং-১২, তারিখ: ২৮-০৭-২০২৫ খ্রি., এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৬৪**—এতদ্বারা আদিষ্ট হয়ে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট থানার মামলা নং-০৪, তারিখ: ০৩-০২-২০২৪ খ্রি., এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৬৫**—এতদ্বারা আদিষ্ট হয়ে নওগাঁ জেলার আত্রাই থানার মামলা নং-২৮, তারিখ: ৩০-০৪-২০২৪ খ্রি., এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.১৬৬**—এতদ্বারা আদিষ্ট হয়ে ডিএমপি, ঢাকার রামপুরা থানার মামলা নং-১১, তারিখ: ১৩-০৯-২০২২ খ্রি., এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন
উপসচিব।

শৃঙ্খলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩/০৭ অক্টোবর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০৬২.২৫-৩৮৫**—যেহেতু, জনাব টুটুল চক্রবর্তী (বিপি-৭২০১০৫৬০৮৯), অতিরিক্ত ডিআইজি হিসাবে রাজশাহীতে কর্মকালীন তাঁর অনুকূলে গত ১৪ ও ১৫ নভেম্বর ২০২৫ তারিখ ০২ (দুই) দিনের কর্মস্থল ত্যাগের অনুমতি ছুটি এবং ১৬, ১৭ ও ১৮ নভেম্বর ২০২৫ তারিখ ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়। তিনি ১৩ নভেম্বর ২০২৫ তারিখ পূর্বাহ্নে বিধি-বহির্ভূতভাবে প্রস্থান প্রতিবেদন দাখিল ব্যতিত পরিচয় গোপন করে নিজেকে ডিআইজি, রেঞ্জ ডিআইজির কার্যালয়, রাজশাহী পরিচয় দেন এবং ভিআইপি লাইঞ্জ ব্যবহার করে শাহ মখদুম বিমানবন্দর, রাজশাহী হতে আনুমানিক সকাল ১০:২০ ঘটিকায় ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিএস-১৬২ ফ্লাইটযোগে ঢাকার উদ্দেশ্যে রওনা দেন। তিনি ইতঃপূর্বে কয়েকবার রাজশাহী বিমানবন্দরে নিজেকে ডিআইজি, রাজশাহী রেঞ্জ পরিচয় দিয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহার করে বিভিন্ন গোয়েন্দা সংস্থার নজরে আসেন এবং তা জনসম্মুখে পুলিশের ভাবমূর্তিকে চরমভাবে ক্ষুণ্ন করেছে। ছুটিতে গমনের উদ্দেশ্যে প্রস্থান প্রতিবেদন দাখিল না করে নির্ধারিত সময়ের পূর্বে কর্মস্থল ত্যাগ ও নিজেকে ঊর্ধ্বতন কর্মকর্তা হিসাবে পরিচয় প্রদান করে তিনি বিভাগীয় নিয়ম-শৃঙ্খলা পরিপন্থি কাজ করেছেন। তাঁর এহেন কর্মকান্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও সরকারি আইনানুগ আদেশ প্রতিপালনে অবজ্ঞা প্রদর্শন এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভিগেীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ০৫-০২-২০২৬ তারিখ তাঁর বরিুদ্ধে ০৬২/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(খ) বিধি অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

২। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিলের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলেও তিনি তাঁর লিখিত বক্তব্য/জবাব দাখিল করেননি। একইসাথে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী লিখিত বক্তব্য/জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধির কোনো আবেদন করেননি। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদন্ডারোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য গত ০২-০৪-২০২৬ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ০৭-০৫-২০২৬ তারিখে তদন্ত শেষে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে **'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে** এবং তিনি গত **২৩-০১-২০২৬ তারিখ হতে পলাতক রয়েছেন** মর্মে মতামত প্রদান করা হয়েছে; এবং

৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন তাঁকে চাকরি হইতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না তার জবাব দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ১৬-০৬-২০২৬ তারিখ ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি; এবং

৫। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় জনাব টুটুল চক্রবর্তী (বিপি-৭২০১০৫৬০৮৯)-কে 'চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক গুরুদন্ডের বিষয়ে গত ২৩-০৭-২০২৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে 'চাকরি হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপ করা যায় মর্মে গত ১৪-০৯-২০২৬ তারিখে পরামর্শ প্রদান করে; এবং

০৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি বিধায় এ বিভাগীয় মামলায় তাঁকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' মূলক গুরুদন্ড আরোপের নিমিত্ত গত ০৫-১০-২০২৬ তারিখ রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব টুটুল চক্রবর্তী (বিপি-৭২০১০৫৬০৮৯), অতিরিক্ত ডিআইজি (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রাজশাহীতে সংযুক্ত)-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং গত ২৩-০১-২০২৬ তারিখ হতে কর্মস্থল হতে পলাতক থাকায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী তাঁকে **'চাকরি হইতে বরখাস্তকরণ (Dismissal from service)'** গুরুদন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব।

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩/০৭ অক্টোবর ২০২৬

নং ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১(অংশ-১)-৪২৭—ত্রয়োদশ জাতীয় সংসদের শূন্য আসনের উপ-নির্বাচন-২০২৬ অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে নির্বাচনী এলাকা ৩ ঠাকুরগাঁও-১ আসনে বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণের লক্ষ্যে সরকার The Arms Act, 1878 (Act. XI of 1878)-এর ধারা ১৭ (ক) (১) প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারি করিল:

২। আগামী ১৭ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে স্থগিতকৃত/লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসমূহ লাইসেন্সধারীর (স্থায়ী/বর্তমান) ঠিকানার নিকটস্থ থানায়/বৈধ ডিলারের নিকট লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। তবে এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথা:

(ক) আইন শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য;

(খ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

৩। আগামী ৩১ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত লাইসেন্সধারী ব্যক্তির আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে।

৪। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যাখ্যা: এই আদেশে "শৃঙ্খলা বাহিনী" বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত শৃঙ্খলা বাহিনীকে বুঝাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মো: আনোয়ার পারভেজ
উপসচিব।

জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৫ /২০২৬/কাস্টমস/৫৪১**—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২(২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড [বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তারিখ: ০৬-১২-২০১৬ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop)-এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

ক্র. নং	পণ্যের বিবরণ	২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
০১	সিগারেট	**১,৯৪,৫৯২.৫২**
০২	লিকার ও অন্যান্য ড্রিংকস	**৯৬,০১৭.৩২**
০৩	কসমেটিকস ও টয়লেট্রিজ	**৫,০০০.০০**
০৪	কনফেকশনারী	**৫,০০০.০০**
	সর্বমোট=	**৩,০০,৬০৯.৮৪ (তিন লক্ষ ছয়শত নয় দশমিক আট চার) মার্কিন ডলার**

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/১১ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৬/২০২৬/কাস্টমস/৫৪২।**—/কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২(২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ন্যাশনাল ওয়্যারহাউজ [বন্ড লাইসেন্স নং-০৮/কাস/এসবিডব্লিউ/ ১৯৮২, তারিখ: ১৬-০৩-১৯৮২ খ্রি.] এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো, যথা:—

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	২০২৬-২০২৭ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতা
১.	মেসার্স ন্যাশনাল ওয়্যারহাউজ	**২,৫৭,১২৪.৪৩ (দুই লক্ষ সাতান্ন হাজার একশত চব্বিশ দশমিক চার তিন) মার্কিন ডলার**

শর্ত: ২০২৬-২০২৭ অর্থবছরে অনাপত্তিপত্রের মাধ্যমে আমদানিকৃত পণ্যের শুল্কায়িত মূল্য উক্ত অর্থবছরের জন্য নির্ধারিত আমদানি প্রাপ্যতা হতে বিয়োজনযোগ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রায়হানুজ্জামান
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-৬ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩/০১ অক্টোবর ২০২৬

নং **২৩.০০.০০০০.০৬০.২৭.০০১.২৩.২৯৪**—বাংলাদেশ নৌবাহিনীতে কর্মরত বেসামরিক কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান, সিনিয়র সাইন্টিফিক অফিসার, সিএসও-২ (পি নং ০৩৪৩) এর বিরুদ্ধে 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' এর বিধি ৭(২) মোতাবেক আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে ০১/২০২৬ বিভাগীয় মামলায় 'The Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' এর বিধি ৮(১) (বি) মোতাবেক আগামী ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত সংক্রান্ত দন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

মোঃ আশরাফ উদ্দিন
সচিব।

শোক বার্তা

তারিখ ২২ আশ্বিন ১৪৩৩/০৭ অক্টোবর ২০২৬

বিষয়: বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার এস এম মাসুদুল ইসলাম, (ট্যাজ), পিসিজিএম, বিএন (পি নং-৯৭৫) চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করায় শোক বার্তা প্রকাশ।

নং ২৩.০০.০০০.০৬০.৯৯.০১০.২৪.৩০২—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার এস এম মাসুদুল ইসলাম, (ট্যাজ), পিসিজিএম, বিএন (পি নং ৯৭৫) গত ২৬ জুন ২০২৬ তারিখে 'SPONTANEOUS ICH INVOLVING BRAIN STEM, IHD, (S/P CABG 2025), DM & HTN' জনিত কারণে সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। উল্লিখিত কর্মকর্তার অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম. জে. আরিফ বেগ
উপসচিব।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
মজুরী বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩৩/১২ অক্টোবর ২০২৬

নং **৪০.০০.০০০০.০০০.০১৬.০৬.০০০১.২৬.২১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১ নং প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠন/করকারখানা ও প্রতিষ্ঠানের জন্য সাধারণ ছুটি ঘোষণার ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুযায়ী মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ পারস্পরিক আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুবুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

পাব্যর্ত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিষদ-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ২৯.০০.০০০০.২১৪.০০৬.৪৪.৯৯(অংশ-১)-১৮৩—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-১ শাখার ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৩২.১৯.০১০.২৩৯৯৫ নম্বর প্রজ্ঞাপন মূলে জনাব সাইফুল আলম-কে নিম্নবর্ণিত শর্তে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর 'হিসাব ও নিরক্ষি কর্মকর্তা' পদে যোগদান করার নিমিত্ত ২০-০৯-২০২৬ তারিখ অপরাহ্নে এ মন্ত্রণালয় হতে অবমুক্ত হলো।

শর্তাবলি:

(ক) তিনি তার নিজ বেতনক্রম অনুযায়ী বেতন প্রাপ্য হবেন;

(খ) তিনি তার পদের সঙ্গে সম্পৃক্ত ভাতা ও অন্যান্য সুবিধাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(গ) তার জন্য প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা, ভবিষ্য, তহবিল, যৌথবীমা, কল্যাণ তহবিল ইত্যাদি তিনি প্রদান করবেন এবং

(ঘ) তাকে বিনা ভাড়ায় বাসস্থান দেয়া হলে তিনি বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোজ্জাল চন্দ্র পাল
উপসচিব।

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ আশ্বিন ১৪৩৩/১৫ অক্টোবর ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০২.২৫.৭৫৫**—যেহেতু, জনাব মোহাম্মদ মজিবুর রহমান (পরিচিতি নম্বর-৩১৬৯৯০০১), উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জগন্নাথপুর, সুনামগঞ্জ প্রবাসী ভোটার নিবন্ধন কার্যে জালিয়াতির সাথে সম্পৃক্ত হয়ে মিথ্যা তথ্য দিয়ে ইচ্ছাকৃতভাবে জাতীয় পরিচয়পত্র নম্বর-৭৮২৯০২০৪০৮, ১৯৭৯১৬৯০১৬ ও ৯১৭৯০৩২২৭২ সৃজন করেছেন এবং উক্ত মিথ্যা তথ্য-উপাত্ত ফরম নম্বর-NIDFN116731144, NIDFN117476637 ও NIDFN117535792 এ সন্নিবেশ করে নিবন্ধন করার চেষ্টা করেছেন; গোপন সংবাদের ভিত্তিতে এনআইডি উইং কর্তৃক পরিচালিত পরিদর্শন টিম ২৭-০১-২০২৫ তারিখে তাৎক্ষণিক অনুসন্ধানে উক্ত কার্যে প্রত্যক্ষভাবে তার জড়িত থাকার প্রাথমিক প্রমাণ পেয়েছে; তিনি জাতীয় পরিচয়পত্র সংরক্ষিত তথ্য-উপাত্ত বিকৃত করার অপরাধ করেছেন; তিনি রেজিস্ট্রেশন অফিসার হিসেবে নিজ দায়িত্বে চরম অবহেলা প্রদর্শন অবৈধ ও অনৈতিক কার্যকলাপের মাধ্যমে ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ২০ এবং জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ এর ধারা ১৬, ১৭ ও ১৮ লঙ্ঘন করেছেন এবং জাতীয় পরিচয় নিবন্ধন কার্যের বিশ্বাসযোগ্যতা প্রশ্নবিদ্ধ করেছেন; তিনি এহেন কর্মকাণ্ড করে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছেন; তৎপ্রেক্ষিতে, তার বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় ফৌজদারী মামলা দায়ের করাসহ তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০২/২০২৫ রুজু করতঃ অভিযোগনামায় তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করতঃ ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; বিগত ১৩-০৩-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়; জনাব মোহাম্মদ দিদার হোসেন, উপসচিব (আইন-১), নির্বাচন কমিশন সচিবালয় [প্রাক্তন সিনিয়র সহকারী সচিব (আইন-১)]-কে মামলাটির তদন্তভার অর্পণ করা হয়; তদন্তকালে প্রাপ্ত সাক্ষ্য প্রমাণ বিশ্লেষণ এবং সরেজমিন তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, অভিযোগ বিভাগীয় তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় গুরুদণ্ড প্রদানের পর্যাপ্ত ভিত্তি থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) অনুসরণক্রমে গুরুদণ্ডের সূত্রে তাকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; উক্ত নোটিশের জবাবে তিনি আত্মপক্ষ সমর্থন করেন; তবে তার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সামগ্রিক পর্যালোচনায় 'অসদাচরণ' এর দায়ে নির্বাচন কমিশন তাকে দোষী সাব্যস্ত করে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখে; সেপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী তার উপর সরকারি "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service) দণ্ড আরোপের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, উল্লিখিত গুরুদণ্ড প্রদানের বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি ৬ অনুসরণ পূর্বক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হয়; বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এতদবিষয়ক তথ্যবিরণী পরীক্ষান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service) গুরুদণ্ড প্রদানের পরামর্শ প্রদান করে;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৬) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের বিষয়ে সার-সংক্ষেপ রাষ্ট্রপতি বরাবর উপস্থাপন করা হয়; রাষ্ট্রপতি ১১-১০-২০২৬ তারিখে তাকে "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service) গুরুদণ্ড প্রদানের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক জনাব মোহাম্মদ মজিবুর রহমান (পরিচিতি নম্বর-৩১৬৯৯০০১), উপজেলা নির্বাচন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), জগন্নাথপুর, সুনামগঞ্জ- কে ১১-১০-২০২৬ তারিখ হতে "চাকুরী হইতে অপসারণ" (Removal from Service) সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আখতার আহমেদ
সিনিয়র সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৬ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ আশ্বিন ১৪৩৩/১৫ অক্টোবর ২০২৬

নং **০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৪-৯৮**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to September 2026)-এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে বাংলাদেশ নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক ত্রয়োদশ জাতীয় সংসদের ৩ ঠাকুরগাঁও-১ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের দিন অর্থাৎ ২৯ অক্টোবর ২০২৬ বৃহস্পতিবার সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ওয়ালীউল হাসান
উপসচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩৩/১২ অক্টোবর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০০১.২৬-১০৫**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি	থানার নাম, মামলা ও তারিখ
মোঃ মারুফ হোসেন সরদার বিপি-৭২০৩১১৪৮৪২ বিসিএস ২১তম ব্যাচ সাবেক অতিরিক্ত ডিআইজি (অপারেশন্স), ঢাকা রেঞ্জ	ঢাকা জেলার আশুলিয়া থানার মামলা নং-২৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৭/১৪৮/১৪৯/৩০২/৩৪/১১৪/৫০৬/১০৯ ধারা

তারিখ : ২৩ আশ্বিন ১৪৩৩/০৮ অক্টোবর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১৫৯**—এতদ্বারা আদিষ্ট হয়ে হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর মডেল থানার মামলা নং-২৫, তারিখ: ২৫-০৪-২০২৫ খ্রি. অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর 153A/295A ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১৬০**—এতদ্বারা আদিষ্ট হয়ে হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর মডেল থানার মামলা নং-০৬, তারিখ: ০৭-০৯-২০২৪ খ্রি. অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর ২৯৫এ ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১৬১**—এতদ্বারা আদিষ্ট হয়ে ডিএমপি'র আদাবর থানার মামলা নং-০৮, তারিখ: ০৭-০৩-২০২৫ খ্রি. অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর ২৯৫-ক ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১৬২**—এতদ্বারা আদিষ্ট হয়ে ঢাকা জেলার নবাবগঞ্জ থানার মামলা নং-২৮, তারিখ: ৩০-০৫-২০২৫ খ্রি. অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর ৪৫৭/২৯৫ ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন
উপসচিব।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ভাদ্র ১৪৩৩/০১ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০০৪.২০২৬-২২৪**—যেহেতু, ডা. রেজওয়ানুর আলম (১২৫৮০২), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতাল, বরগুনায় কর্মরত থাকাকালে ডা. লুৎফুন্নাহার লনী, আবাসিক সার্জন-গত জুন ২০২৬ মাসে যোগদানের পর থেকেই তত্ত্বাবধায়ক সুযোগ পেলেই, কারণ ছাড়াই অফিস রুমে ডাকতেন এবং অনৈতিক প্রস্তাব/কুপ্রস্তাব এবং অশালীন ইঙ্গিত করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ২২-০৭-২০২৬ খ্রি. তারিখের ৪৯ নম্বর স্মারকে বিভাগীয় মামলা (নং-০১/২০২৬) রুজু করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের ২২-০৭-২০২৬ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০০৪.২৬-৪৯ নং স্মারকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ১২-০৮-২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে বক্তব্য সন্তোষজনক;

যেহেতু, অভিযোগকারী অভিযোগ প্রত্যাহার পত্রে স্বাক্ষর করেছেন;

সেহেতু, ডা. রেজওয়ানুর আলম (১২৫৮০২), তত্ত্বাবধায়ক-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। একইসাথে ২২-০৭-২০২৬ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০০৪.২৬-৪৯ নং স্মারকের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্ত কালীন সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ কামরুজ্জামান চৌধুরী
সচিব।

শৃঙ্খলা-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩৩/২১ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.২৫৭.২৫-২৪৭**—যেহেতু, ডা. দুর্দানা চৌধুরী (১১১৮৫১), মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা 'Scholarship Degree on Doctor of Philosophy in Advanced Medicine' কোর্সে অংশগ্রহণ করার জন্য ১৫-০২-২০১৫ হতে ৩০-০৮-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুর করে অস্ট্রেলিয়ায় গমন করেন এবং ৩১-০৮-২০১৮ খ্রি. তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ৩০-০৮-২০২৩ খ্রি. তারিখে তাঁর চাকরিতে অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে;

যেহেতু, বাংলাদেশ চাকুরি বিধিমালার (বিএসআর) ১ম খন্ডের বিধি-৩৪ এর বিধানমতে, 'ঘটনার বিশেষ অবস্থা বিবেচনাপূর্বক সরকার অন্যরূপ কোনো সিদ্ধান্ত না নিলে, বাংলাদেশ ফরেন সার্ভিসে কর্মরত থাকার ক্ষেত্র ব্যতীত, অন্যত্র ছুটিসহ অথবা ছুটি ব্যতীত একাধিক্রমে ০৫ (পাঁচ) বছর কর্ম হইতে অনুপস্থিত থাকার পর একজন সরকারি কর্মচারীর চাকরির অবসান হইবে';

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার চাকরিতে অনুপস্থিত পাঁচ বছর পূর্ণ হওয়ার ৩০-০৮-২০২৩ খ্রি. তারিখের পরদিন অর্থাৎ ৩১-০৮-২০২৩ খ্রি. তারিখ হতে তাঁর চাকরির অবসান ঘটবে;

যেহেতু, অনুপস্থিতির জন্য অভিযুক্ত কর্মকর্তাকে ২০-১০-২০২৫ খ্রি. তারিখের ১১০৭ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি ১২-১১-২০২৫ খ্রি. তারিখে কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করেন এবং শুনানি দিতে ইচ্ছুক মর্মে জানান;

যেহেতু, গত ২২-০৪-২০২৬ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং ব্যক্তিগত শুনানিতে তিনি চাকরি হতে অব্যাহতি চেয়েছেন;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি অবসানের প্রস্তাব প্রধানমন্ত্রীর মাধ্যমে পেশ করা হলে রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, তাঁর চাকুরি ৩১-০৮-২০২৩ খ্রি. তারিখ হতে অবসান কার্যকর করা হলো। উক্ত তারিখের পরে তিনি কোনো বেতনভাতা উত্তোলন করে থাকলে তা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আ. ন. ম. বজলুর রশীদ
সচিব।

পার-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৪৮.১১.০০৪.২৬-৯৭৭**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তাগণের নামের পার্শ্বে উল্লিখিত চাকুরীকাল বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা নির্দেশক্রমে সংরক্ষণের আদেশ প্রদান করা হলো :

নং	নাম ও কোড	বর্তমান পদে যোগদানের পূর্বে মোট চাকুরীকাল
১.	ডাঃ মোঃ হিমেল হোসেন (১৫২০৪০)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
২.	ডাঃ ফাহমিদা আনোয়ার (১৫৩৬৭১)	০১-০২-২০২৬ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
৩.	ডাঃ সুমেন সরকার (১৫১৫৪৪)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৪.	ডাঃ জুয়েল রানা (১৫২০১২)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৫.	ডাঃ মোঃ মেহেদী হাসান (১৫০৫৮৬)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৬.	ডাঃ মোঃ ইসমাইল হোসেন (১৫২১১৭)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৭.	ডাঃ তানিয়া আক্তার তৃপ্তি (১৫৩৬৫৩)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
৮.	ডাঃ আবিদা সুলতানা (১৫১৭২৩)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৯.	ডাঃ জান্নাতুল মাওয়া (১৫২৩৫০)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
১০.	ডাঃ মইনুল হাসান আসিফ (১৫০৯০৪)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
১১.	ডাঃ তপতী রায় (১৫১৬৪১)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
১২.	ডাঃ অর্পন রায় (১৫৩৬৫৯)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
১৩.	ডাঃ অসীম সরকার (১৫২৪৯০)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইফুল ইসলাম
যুগ্মসচিব।

পারসোনেল-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ আশ্বিন ১৪৩৩/০৪ অক্টোবর ২০২৬

নং **৪৫.০০.০০০০.০০০.১৪৮.২২.০০০১.২৬.১০১৮**—অর্থ বিভাগের ১৮ জুন ২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৬৮.৯৯.০০০২.২৬.১২ সংখ্যক পত্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ জুন ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৮.২৫.২৮০ সংখ্যক পত্র মোতাবেক ২৭তম বিসিএস এর প্রথম পর্যায়ে সুপারিশপ্রাপ্ত নিম্নবর্ণিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাগণের অনুকূলে পূর্বের চাকরিতে অর্জিত ৫ম/৬ষ্ঠ গ্রেডে/সমমান পদে অর্জিত যোগ্যতা নির্দেশক্রমে সংরক্ষণ করা হলো :

নং	নাম, পদবি ও বর্তমান কর্মস্থল	২৭-তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের তথ্য	অর্জিত যোগ্যতার তথ্যাদি	পূর্ব বিসিএস এবং বর্তমান বিসিএসের মধ্যবর্তী মোট কর্মকাল
০১	ডাঃ মুহাম্মদ মাহবুবুর রহমান (কোড-১৫০১৫৩), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্ত: সহকারী সার্জন, মুগদা মেডিক্যাল কলেজ হাসপাতাল, ঢাকা	২৭-৩ম বিসিএস যোগদান: ০১-০১-২০২৬	বিসিএস স্বাস্থ্য-৩৩তম, কোড-১২৯৯৬২, যোগদান: ০৭-০৮-২০১৪ ইং, চাকুরী স্থায়ীকরণ: হ্যাঁ, সিনি: স্কেল : পাশ, সর্বশেষ পদোন্নতি গ্রেড: ৬ষ্ঠ মূল পদ: সহকারী অধ্যাপক, (মেডিসিন) ইনস্টিটু	১১(এগার) বছর, ০৪ (চার), মাস ২৫ (পঁচিশ) দিন

নং	নাম, পদবি ও বর্তমান কর্মস্থল	২৭-তম বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের তথ্য	অর্জিত যোগ্যতার তথ্যাদি	পূর্ব বিসিএস এবং বর্তমান বিসিএসের মধ্যবর্তী মোট কর্মকাল
০২	ডাঃ মোঃ মাহবুব এলাহী (১৫০১৫৯), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্ত: সহকারী সার্জন, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ মিডফোর্ড হাসপাতাল, ঢাকা	২৭-৩ম বিসিএস যোগদান: ০১-০১-২০২৬	বিসিএস: স্বাস্থ্য- ২৮তম, কোড-১২৪৪৬৬, যোগদান- ০১-১২-২০১০ইং, চাকুরী স্থায়ীকরণ- হ্যাঁ, সিনি: স্কেল : পাশ, সর্বশেষ পদোন্নতি গ্রেড: ৫ম মূল পদ: সিনিঃ কনঃ (সার্জারী)	১৫(পনেরো) বছর, ০১ (এক), মাস ০১ (এক) দিন
০৩	ডাঃ মোঃ গোলাম সরওয়ার (কোড-১৫০২৭৯) সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্ত: সহকারী সার্জন, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা	২৭-৩ম বিসিএস যোগদান: ০১-০১-২০২৬ ইং	বিসিএস: (বিশেষ) কোড-১৪৫৬০৯, যোগদান- ১২-০৯-২০২১ইং, চাকুরী স্থায়ীকরণ- হ্যাঁ, সর্বশেষ গ্রেড-৬ষ্ঠ মূল পদ: জুনিয়র কনস্যালটেন্ট (এ্যানেসথেশিওলজি)	০৪(চার) বছর, ০৩ (তিন), মাস ১৯ (উনিশ) দিন
০৪	ডাঃ মোহাম্মদ আলতাফ হোসেন চৌধুরী (কোড-১৫০২৩১), সহকারী সার্জন, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্ত: জেনারেল হাসপাতাল, কুমিল্লা।	২৭-৩ম বিসিএস যোগদান: ০১-০১-২০২৬	বিসিএস: (বিশেষ) স্বাস্থ্য-২১তম, কোড-১৪৫৫৫৪, যোগদান: ১২-০৯-২০২১ইং, চাকুরী স্থায়ীকরণ- হ্যাঁ, সর্বশেষ গ্রেড-৬ষ্ঠ মূল পদ: জুনিয়র কনস্যালটেন্ট (এ্যানেসথেশিওলজি)	০৪(চার) বছর, ০৩ (তিন), মাস ১৯ (উনিশ) দিন
০৫	ডাঃ মোহাম্মদ মুসলিম উদ্দিন (কোড-১৫০২২৭), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্ত: শহীদ তাজ উদ্দিন আহমেদ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, গাজীপুর।	২৭-৩ম বিসিএস যোগদান: ০১-০১-২০২৬	বিসিএস: (বিশেষ) স্বাস্থ্য-২১তম, কোড-১৪৫৬৪০, যোগদান- ১২-০৯-২০২১ইং, চাকুরী স্থায়ীকরণ- হ্যাঁ, সর্বশেষ গ্রেড-৬ষ্ঠ মূল পদ: জুনিয়র কনস্যালটেন্ট (এ্যানেসথেশিওলজি)	০৪(চার) বছর, ০৩ (তিন), মাস ১৯ (উনিশ) দিন

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ২১ আশ্বিন ১৪৩৩/০৬ অক্টোবর ২০২৬

নং **৪৫.০০.০০০০.০০০.১৪৮.১১.০০০১.২৬.১০৩৩**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তাগণের নামের পার্শ্বে উল্লিখিত চাকুরীকাল বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা নির্দেশক্রমে সংরক্ষণের আদেশ প্রদান করা হলো :

নং	নাম ও কোড	বর্তমান পদে যোগদানের পূর্বে মোট চাকুরীকাল
১.	ডাঃ হাফিজুর রহমান হারুন (১৫২৭৭৮)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
২.	ডাঃ রনি চন্দ (১৫২১৮৪)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৩.	ডাঃ শুভ্রব্রত কর্মকার (১৫৩৬৩২)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
৪.	ডাঃ মুহাঃ তারজুমানুল হক সানীজ (১৫৩৬৪০)	০১-০২-২০২৬ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
৫.	ডাঃ ত্রিতীর্থ ঘোষ (১৫৩৬৭৫)	০১-০৭-২০২৪ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
৬.	ডাঃ এ এইচ মুহাম্মাদুল্লাহ (১৫২২০৯)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ : ২৬ আশ্বিন ১৪৩৩/১১ অক্টোবর ২০২৬

নং **৪৫.০০.০০০০.০০০.১৪৮.১১.০০০১.২৬.১০৪৯**—বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের নিম্নোক্ত কর্মকর্তাগণকে নামের পার্শ্বে উল্লিখিত চাকুরীকাল বিএসআর (পার্ট-১) এর ৪২(২) এবং ৩০০(বি) নং বিধি অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে পূর্বতন চাকরির ধারাবাহিকতা নির্দেশক্রমে সংরক্ষণের আদেশ প্রদান করা হলো :

নং	নাম ও কোড	বর্তমান পদে যোগদানের পূর্বে মোট চাকুরীকাল
১.	ডাঃ নাদিয়া সুলতানা মিশু (১৫২২৮১)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
২.	ডাঃ মোঃ আনোয়ার রহমান (১৫২২৮৯)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৩.	ডাঃ শামীমা আক্তার (১৫১৬৬৮)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৪.	ডাঃ মোঃ জুনাইদ হোসেন (১৫২৮৫৩)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৫.	ডাঃ মোঃ তানভীর হোসেন (১৫১৮৬৬)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৬.	ডাঃ রুনা আক্তার (১৫২২৯৬)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৭.	ডাঃ মোঃ আতিকুর রহমান খান (১৫৩৪৩০)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৮.	ডাঃ এ. এস. এম. তৌহিদ আমিন (১৫৩১১০)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
৯.	ডাঃ আছরাব উল্লাহ নুরী (১৫০৫৯৮)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
১০.	ডাঃ মার্জিয়া আক্তার জামান (১৫৩০৯৭)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ৩১-০১-২০২৬ তারিখ পর্যন্ত
১১.	ডাঃ মোঃ তাওহীদ হোসেন (১৫৩৬৯৯)	২৩-০৩-২০২৩ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
১২.	ডাঃ মোঃ রাকিবুল হাসান (১৫৩৬৯৮)	০১-০২-২০২৬ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত
১৩.	ডাঃ শুভেন্দু রায় (১৫৩৬১৭)	০১-০৭-২০২৪ তারিখ হতে ০৮-০২-২০২৬ তারিখ পর্যন্ত

২। বেতন নির্ধারণের জন্য পূর্ব পদের চাকরিকাল গণনার ক্ষেত্রে পূর্ব পদে ভোগকৃত অসাধারণ ছুটিকালীন সময় বাদ যাবে এবং বর্তমান পদে পূর্বপদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাইফুল ইসলাম
যুগ্মসচিব।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ আশ্বিন ১৪৩৩ বঃ/০৪ অক্টোবর ২০২৬ খ্রিঃ

নং **৩০.০০.০০০০.০২৬.০৬.০০১.২৪-৩১**—ICAO Annex 14 এবং ICAO Doc 9137 অনুসরণপূর্বক বাংলাদেশের বিমানবন্দরসমূহে নিরাপদে বিমান উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকল্পে পাখিসহ বন্যপ্রাণীর চলাচল নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/সংস্থার নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে "National Committee for Wildlife Hazard Management at the Airports of Bangladesh" শীর্ষক কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

সভাপতি

(১) মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(৩) চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৪) প্রধান নির্বাহী কর্মকর্তা/উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা

(৫) বিমান ও সিএ অনুবিভাগের প্রধান, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(৬) সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৭) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

(৮) কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

(৯) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

(১০) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

(১১) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

(১২) সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি

(১৩) বিমান দুর্ঘটনা ও মারাত্মক ঘটনা তদন্ত কমিটির প্রতিনিধি

(১৪) নির্বাহী পরিচালক/পরিচালক/বিমানবন্দর ব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিমানবন্দর

(১৫) চেয়ারপারসন, এয়ারলাইন অপারেটরস কমিটি, ঢাকা

(১৬) সভাপতি, এভিয়েশন অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশ

(১৭) বাংলাদেশ এয়ারলাইন পাইলট এসোসিয়েশন এর প্রতিনিধি

সদস্যসচিব

(১৮) সদস্য, এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

কমিটি আলোচ্যসূচিতে সংশ্লিষ্ট বিষয় অন্তর্ভুক্তি সাপেক্ষে বিমানবন্দর এলাকার সাথে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন বা পৌরসভা বা উপজেলার প্রধান নির্বাহী কর্মকর্তা বা উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট বিমানবন্দরের নির্বাহী পরিচালক অথবা পরিচালক অথবা বিমানবন্দর ব্যবস্থাপককে কমিটির সদস্য হিসাবে আমন্ত্রণ জানাতে পারবে।

২। **কমিটির কার্যপরিধি :**

(১) ICAO Annex 14 এবং ICAO Doc 9137 অনুসরণপূর্বক বাংলাদেশের বিমানবন্দরসমূহে নিরাপদে বিমান উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকল্পে পাখিসহ বন্যপ্রাণীর চলাচল নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপ পর্যালোচনা করবে;

(২) বিশেষজ্ঞদের দ্বারা বিমানবন্দর ও তার আশেপাশের এলাকায় উড়োজাহাজের সাথে বন্যপ্রাণীর সংঘাতের ঝুঁকি নির্ণয় করবে;

